*কেস স্টাডি*

একটি গ্রামের নাম সোনাঝুরি। গ্রামটি একসময় সবুজ গাছে ভরা ছিল। গ্রামের চারপাশে অনেক বড় বড় গাছ, ফলের বাগান এবং একটি সুন্দর পুকুর ছিল। মানুষ প্রকৃতির সৌন্দর্য উপভোগ করত। কিন্তু ধীরে ধীরে গ্রামের কিছু মানুষ বাড়ি তৈরির জন্য এবং জ্বালানির প্রয়োজনে অনেক গাছ কেটে ফেলতে শুরু করল। ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হতে লাগল। গরমের সময় তাপমাত্রা বেড়ে গেল, বৃষ্টিপাত কমে গেল এবং পাখিদের সংখ্যাও কমে গেল।এ অবস্থায় গ্রামের স্কুলের ছাত্রছাত্রীরা একটি বৃক্ষরোপণ কর্মসূচি শুরু করল। তারা শিক্ষক ও অভিভাবকদের সাহায্যে গ্রামের বিভিন্ন স্থানে গাছ লাগাল এবং সেগুলোর যত্ন নেওয়ার দায়িত্ব নিল। তারা গ্রামবাসীদেরও বোঝাল যে গাছ আমাদের অক্সিজেন দেয়, পরিবেশকে শীতল রাখে এবং বিভিন্ন প্রাণীর আশ্রয়স্থল হিসেবে কাজ করে।কয়েক বছর পর গ্রামের চেহারা আবারবদলে গেল। চারদিকে সবুজ গাছপালা বেড়ে উঠল। পরিবেশ সুন্দর ও মনোরম হয়ে উঠল। গ্রামের মানুষ বুঝতে পারল যে প্রকৃতি রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব।

১) গ্রামের পরিবেশের ভারসাম্য নষ্ট হওয়ার প্রধান কারণ কী ছিল ?

পুকুর  খনন করা / অতিরিক্ত গাছ কেটে ফেলা/  নতুন স্কুল তৈরি করা / কৃষিকাজ করা

২) গাছ কমে যাওয়ার ফলে কোন কোন সমস্যা দেখা দিয়েছিল ?

তাপমাত্রা বেড়ে গিয়েছিল / বৃষ্টিপাত কমে গিয়েছিল / পাখির সংখ্যা কমে গিয়েছিল / হনুমানের সংখ্যা বেড়ে গিয়েছিল

৩) "বৃক্ষরোপণ" কথাটির অর্থ কী?

গাছ লাগানো / গাছ উপড়ে ফেলে দেওয়া / মাঠে চাষ করা / গাছ জ্বালিয়ে দেওয়া

৪) মন্তব্য : প্রকৃতির রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব।

কারণ : আমরা প্রকৃতি থেকে বেঁচে থাকার জন্য অক্সিজেন পেয়ে থাকি।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল , কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল/ মন্তব্য কারণ উভয় ঠিক

৫) মন্তব্য : গ্রামটির নাম সোনাঝুরি ছিল।

কারণ : গ্রামটি সোনার ঝুরি দিয়ে তৈরি ছিল।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল , কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল/ মন্তব্য কারণ উভয় ঠিক